



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন



“বিআরটিএ সেবা সংক্রান্ত” জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৮ ও ১৯ জুলাই ২০২৪ দুর্ভাগ্যবশত হামলা, অগ্নিসংযোগ ও ভাংচুরের কারণে বিআরটিএ'র প্রধান কার্যালয়ের সার্ভার ক্ষতিগ্রস্ত হওয়ায় ১৮ জুলাই ২০২৪ তারিখ হতে বিআরটিএ'র সকল সেবা কার্যক্রম বন্ধ রয়েছে। এ অবস্থায়, ড্রাইভিং লাইসেন্স ইস্যু/নবায়ন, মোটরযানের রেজিস্ট্রেশন, মালিকানা বদলি, রুট পারমিট ইত্যাদি সেবা সংক্রান্ত আবেদনের প্রেক্ষিতে বিআরটিএ কর্তৃক প্রদত্ত প্রাপ্তিস্বীকার রশিদ (Acknowledgement Slip)-এর মেয়াদ ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে অথবা হবে, সেক্ষেত্রে ঐ সকল সেবার প্রাপ্তিস্বীকার রশিদের মেয়াদ ১৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

বিআরটিএ